তারিখ ... 25 AUG 2007 ...

আফগানিস্তানের রাজধানী কাবুলে গতকাল শুক্রবার অনুষ্ঠিত হয়েছে 'পিস রানিং রেস' নামে এক দৌড় প্রতিযোগিতা। এতে ২ হাজার ৫০০ প্রতিযোগী অংশ নেন। তাদের মধ্যে ৫০ আফগান নারীও ছিলেন। নারীরা ২ কিলোমিটার এবং পুরুষরা ১৪ কিলোমিটার দৌড়ে অংশ নেন। প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকারী ১,০০০ ডলার পুরস্কার লাভ করেন -এএফপি

ক্যাস্ট্রোর শারীরিক অবস্থা অবনতির গুজব নাকচ করলেন পররাষ্ট্রমন্ত্রী

এএফপি ব্রাসিলিয়া

কমিউনিস্ট কিউবার অবিসংবাদিত নেতা ফিডেল ক্যাস্ট্রো সুস্থ হয়ে উঠছেন, পড়ছেন, লিখছেন এবং রাষ্ট্র পরিচালনার দিক নির্দেশনা দিচ্ছেন। দেশটির পররাষ্ট্রমন্ত্রী ফিলিপ পেরেজ রোকু গতকাল শুক্রবার এক সাক্ষাৎকারে ক্যাস্ট্রোর অসুস্থতার গুজব নাকচ করে দিয়ে এ কথা বলেন।

ব্রাজিলের রাজধানী ব্রাসিলিয়ায় ফোরাম ফর ইস্ট এশিয়া ল্যাটিন আমেরিকান কো-অপারেশনের সম্মেলনে যোগ দিতে এসে এ সাক্ষাৎকার দেন রোকু। তিনি বলেন, ক্যাস্ট্রোই আমাকে এ সম্মেলনে অংশ নেয়ার নির্দেশ দিয়েছেন। ১৩ আগস্ট ৮১তম জন্মদিনের পর থেকে ক্যাস্ট্রোর শারীরিক অবস্থা আরো খারাপের দিকে মোড় নিয়েছে এমন গুজব নাকচ করে দেন রোকু। তিনি বলেন, সুস্থতার পথেই রয়েছেন ক্যাস্ট্রো। তার জীবনযাপনে কঠোর ডিসিপ্লিন রয়েছে এবং পড়া, লেখা ও কাজে পুরো সময় অতিবাহিত করছেন।

কর্মরত আছেন তিনি।

কিউবার ক্যাস্ট্রো-ভক্ত জনগণ মনে করেছিল, ১৩ আগস্ট ৮১তম জন্মদিনে হয়তো হঠাৎ করেই তাদের মাঝে ফিরে আসবেন তাদের প্রিয় নেতা ক্যাস্ট্রো কিংবা প্রিয়বন্ধু ভেনিজুয়েলার প্রেসিডেন্ট হিউগো

ফ্রেন্ডলি ফায়ারে বৃটিশ সেনা ২৩৪২৩৩র ঘটনা এ প্রথম। প্রসঙ্গত, আফগানিস্তানে প্রায় সাত হাজার বৃটিশ সেনা নিয়োজিত রয়েছে। ২০০১ সালের পর থেকে দেশটিতে এ পর্যন্ত ৭৩ বৃটিশ সেনা নিহত হলো। উল্লেখ্য, আমেরিকান বাহিনীর সঙ্গে ফ্রেন্ডলি ফায়ারে বিশ্বের বিভিন্ন দেশে ১৯৯০ সালের পর থেকে এ পর্যন্ত ১২ বৃটিশ সেনা নিহত হয়েছে। সূত্র : এপি, রয়টার্স

সোমালিয়ায় যুদ্ধাপরাধ সম্পর্কে গোটা বিশ্ব নীরব : এইচআরডাবলিউ

রয়টার্স নাইরোবি

গোটা বিশ্ব লজ্জাজনকভাবে সোমালিয়ায় যুদ্ধাপরাধের ব্যাপারে নীরব বলে অভিযোগ করেছে মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচ।

হিউম্যান রাইটস ওয়াচ (এইচআরডাবলিউ) জানায়, রাজধানী মোগাদিসুর বাসিন্দারা এক বছর ধরে সরকারি, ইথিওপিয়ান ও ইসলামপন্থী বাহিনীর যুদ্ধাপরাধের শিকার।

নিউ ইয়র্ক ভিত্তিক মানবাধিকার গ্রুপটির অভিযোগ, ইথিওপিয়ান সেনারা জনবহুল এলাকায় নির্বিচারে বোমা বর্ষণ করেছে। তারা হসপিটালগুলোকে লক্ষ্যবস্তু বানিয়েছে এবং সেখানে লুটপাট করেছে। এ ছাড়া তারা সাধারণ নাগরিকদের হত্যা করেছে। তাদের পাশাপাশি সোমালিয়ার সরকারি বাহিনীও লড়াই করছে। কিন্তু তারা যুদ্ধ এলাকার মানুষকে আগেভাগে সতর্ক করতে ব্যর্থ হয়েছে। এমনকি তারা সম্পদ লুণ্ঠন এবং বন্দিদের সঙ্গে বাজে আচরণ ও জরুরি সহায়তা সরবরাহেও বাধা দিয়েছে।

'শেল-শকড : সিভিলিয়ান আন্ডার সেইজ ইন মোগাদিসু' শিরোনামে সোমালিয়ার যুদ্ধাপরাধ বিষয়ক এক রিপোর্টে এইচআরডাবলিউর নির্বাহী পরিচালক কেন রথ বলেন, 'যুদ্ধরত পক্ষগুলো মোগাদিসুর অধিকাংশ বাসিন্দার সঙ্গে অপরাধমূলক অবহেলা প্রদর্শন করেছে।'

ওয়ার্নার সাংবাদিকদের বলেন, আমি প্রেসিডেন্ট বুশকে ইচ্ছামতো সেনা সংখ্যা প্রত্যাহারের আহ্বান জানিয়েছি। তবে তিনি স্বীকার করেন, আমেরিকান সেনারা বাগদাদ ও আনবার প্রদেশের মতো কয়েকটি জায়গায় বেশ সফলতা অর্জন করেছেন।

ওয়ার্নার বলেন, ইরাকে বর্তমানে ১ লাখ

জানান। গোয়েন্দা সংস্থাগুলোর রিপোর্টে জানান, ইরাকি সরকারের সম্ভাবনা আশঙ্কাজনক। আর আগামী ১২ মাসে ইরাকের অবস্থা আরো খারাপের দিকে যাবে। আগামী কয়েক সপ্তাহে ইরাকের সম্ভাব্য হামলাগুলোকে তারা ভিয়েতনামের সঙ্গে তুলনা করেন।

আমেরিকার প্রতিরক্ষা মন্ত্রণালয়ের এক

থেকে সেনা প্রত্যাহারের একটি টাইম টেবিল ঘোষণা করা। তবে সেনা প্রত্যাহারের টাইম টেবিল নির্ধারণে কংগ্রেসে ভোটের আয়োজনের বিপক্ষে অবস্থান নেন তিনি। সময়ের সঙ্গে সামঞ্জস্য রেখে সেনা প্রত্যাহারে বুশের প্রতি আহ্বান জানান তিনি।

সূত্র : এএফপি, বিবিসি, আল-জাজিরা অনলাইন

মোশাররফকে মোকাবেলার ঘোষণা নওয়াজের

নির্বাচনে অংশ নেয়ার অযোগ্য নওয়াজ : অ্যাটর্নি জেনারেল

যাযাদি ডেস্ক

পাকিস্তানের নির্বাসিত সাবেক প্রধানমন্ত্রী নওয়াজ শরিফ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না বলে জানিয়েছেন পাকিস্তানের অ্যাটর্নি জেনারেল। এদিকে নওয়াজ যথা শিগগির দেশে ফিরে প্রেসিডেন্ট মোশাররফের মোকাবেলা করার ঘোষণা দিয়েছেন।

পাকিস্তানের অ্যাটর্নি জেনারেল মালিক কাইয়ুম বলেছেন, নওয়াজের বিরুদ্ধে প্লেন হাইজ্যাক ষড়যন্ত্র মামলার রায়ে তাকে ক্ষমা করা হয়নি, কেবল শাস্তির পরিমাণ কিছুটা কমিয়ে আনা হয়েছিল।

কাইয়ুম বলেন, মামলায় আদালত নওয়াজ শরিফকে যাবজ্জীবন কারাদণ্ড, ৫০ কোটি রুপি জরিমানা এবং মালামাল ক্রোকের নির্দেশ দিয়েছিল। তিনি বলেন, প্রেসিডেন্ট জেনারেল পারভেজ মোশাররফ তাকে পুরো ক্ষমা করে দেননি। কেবল যাবজ্জীবন কারাদণ্ড মওকুফ করেছিলেন কিন্তু জরিমানা ও সম্পদ জব্দের বিষয়টি ক্ষমা করেননি।

অ্যাটর্নি জেনারেল বলেন, যেহেতু তাকে সম্পূর্ণ ক্ষমা করা হয়নি, তাই নওয়াজ দেশে ফিরলে তার জরিমানা ও সম্পদ জব্দের রায় কার্যকর করা হবে।

তিনি বলেন, আর এ রায়ের কারণে নওয়াজ শরিফ কোনো নির্বাচনে অংশ নিতে পারবেন না।

এদিকে নওয়াজ শরিফ দেশে ফিরতে পারবেন সুপ্রিম কোর্টের এ রায়ের পর. নওয়াজ জানিয়েছেন, তিনি শিগগিরই দেশে ফিরবেন এবং তার দল মুসলীম লীগের নেতৃত্ব দেবেন। তিনি নির্বাচনে দাড়ানোর ঘোষণা দিয়ে লন্ডনে এক সংবাদ সম্মেলনে বলেন, দেশের জনগণ যদি দেশ সেবার জন্য আমাকে চায়, তাহলে আনন্দের সঙ্গেই তা গ্রহণ করবো।

তিনি জানান, শিগগিরই তার দল পাকিস্তান মুসলীম লীগ ও মিত্রদের এক বৈঠক ডাকবেন।

এদিকে তার দলের এক মুখপাত্র জানিয়েছেন, নওয়াজ শিগগিরই দেশে ফিরবেন। সেটা মাস গড়াবে না।

উল্লেখ্য, ১৯৯৯ সালে তৎকালীন সেনাপ্রধান জেনারেল মোশাররফের মাধ্যমে এক রক্তপাতহীন সামরিক অভ্যুত্থানের শিকার ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী নওয়াজ শরিফ সউদি আরবে নির্বাসনে যান। সম্প্রতি দেশে ফিরতে চেয়ে আদালতে পিটিশন করলে গত বৃহস্পতিবার সুপ্রিম কোর্ট তাকে দেশে ফেরার অনুমতি দেন।

সূত্র : এএফপি, রয়টার্স



বেলারুশের অধিকার সংগঠন ইকো-আনিমালের প্রতি

ইন্টেলিজেন্সিং ও টেকনোলজি সিস্টেমের অভাবে বুশের ওপর অবরোধ যাচ

ফেয়াজ আহ্ মোহাম্মদ

১৯ পিস্তল বাংলাদেশের অধ্যুত বাংলাদেশ বাংলাদেশের বিশ্বব্যাপার বা বাংলাদেশ ইন্টেলিজেন্সি থেকে ইন্টেলিজেন্সিং আর টেকনোলজি (ঘাটতি) ৬০ বছর পার করে। ২৮ জুলাই উদ্বোধী সংগ্রামের মাধ্যমে ৬০ বছর পূর্তির হয় মাননীয় উদ্বোধ তক্ষ হয়েছে। ইন্টেলিজেন্সিতে তিনিদের ১০ জনের মধ্যে সাতজন, শিক্ষক ৩ মাননেক শিক্ষার্থীদের অংশগ্রহণ উপস্থিতিতে উদ্বোধনী সুন্দরম নবীন-বরণের দিনে দেশের পরিণত হয়েছিল। সাম্প্রতিক অবস্থানের সব কিছু তুলে নিয়ে সরাই বাংলাদেশ। সাম্প্রতিক

দেশের মানুষের মধ্যে। একদো গতকাল ৪০ ভাগ লোক দারিদ্র্য সীমার নিচে বাস করে। প্রতি বছর এক লাখ বেকার যুবক কর্মসংস্থানের জন্য জব মার্কেটে ঢুকে। বাজেটী চাহা দাবাতাউর করলে পড়ে যাবে সব সমস্যা। যদি হলেই ভুলে যায় বাজেটী। বিদ্যুৎ ও জ্বালানি সমস্যা, বাস্তবায়ন সমস্যা, বিদেশ জনসংগীর জন্য প্রয়োজনীয় কর জরির অভ্যুদয়, প্রাকৃতিক গ্যাস সেক্টরের, ভূগর্ভস্থ ও ভূ-উপরিস্থ পানির সমস্যা আমাদের জনগোষ্ঠীকে অতিষ্ঠ করে তুলেছে। সমাধান দেখাতে আছে দেখাতে সমাধান নেই।